**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কোভিড-19 এর টিকার দ্বিতীয় বুস্টার ডোজ গ্রহণের উপযুক্ততা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***50 বছর ও তার বেশি বয়সী যেসব নিউ ইয়র্কবাসী কমপক্ষে চার মাস আগে প্রথম বুস্টার ডোজ নিয়েছিলেন তারা উপযুক্ত হবেন; 18 - 49 বছর বয়সী প্রাপ্তবয়স্কদের মধ্যে যারা জনসন এন্ড জনসন টিকা গ্রহণ করেছেন এবং রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল থাকা 12 বছর ও তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীরাও প্রথম বুস্টার নেয়ার চার মাস পরে একটি mRNA বুস্টার ডোজ নেয়ার উপযুক্ত হবেন***

***স্টেটের স্বাস্থ্য বিভাগ ও CDC উপযুক্ত প্রাপ্তবয়স্ক ও কিশোর-কিশোরীদের জন্য প্রাথমিক বুস্টার ডোজ গ্রহণের জোরালো পরামর্শ প্রদান অব্যাহত রেখেছে***

***স্টেটের পরিচালনাধীন যেকোনো গণ টিকাদান কেন্দ্রে আপনার বিনামূল্যের বুস্টার ডোজ গ্রহণের অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করুন এখানে অথবা নিকটস্থ কোনো অবস্থান খুঁজে নিন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ কোভিড-19 এর টিকার দ্বিতীয় বুস্টার ডোজ গ্রহণের উপযুক্ততা সম্পর্কে ঘোষণা করেছেন। বুস্টার ডোজগুলো স্টেটের পরিচালনাধীন সকল গণ টিকাদান কেন্দ্র সহ স্টেটব্যাপী বিনামূল্যে ও ব্যাপকভাবে লভ্য রয়েছে। উপযুক্ত নিউ ইয়র্কবাসীরা তাদের দ্বিতীয় বুস্টার শট হিসেবে একটি mRNA টিকা গ্রহণ করতে পারবেন—ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech) বা মডার্না (Moderna) কোভিড-19 এর টিকা।

"দ্বিতীয় বুস্টার ডোজ স্টেটের সকল গণ টিকাদান কেন্দ্র সহ স্টেটব্যাপী উপযুক্ত নিউ ইয়র্কবাসীদের জন্য লভ্য রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "টিকা গ্রহণ করা এবং সুপারিশকৃত সকল হালনাগাদ ডোজ গ্রহণ করা গুরুতর অসুস্থতা ও হাসপাতালে ভর্তি হওয়া প্রতিরোধ করা, এবং এই মহামারী কাটিয়ে নিরাপদে সামনে এগিয়ে যাওয়ার সবচেয়ে কার্যকর উপায়।"

স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) নিউ ইয়র্ক স্টেট টিকাদান কর্মসূচিতে তালিকাভুক্ত সকল সেবা প্রদানকারীর জন্য দ্বিতীয় বুস্টার ডোজ প্রদান সম্পর্কিত নতুন ক্লিনিক্যাল নির্দেশনা প্রকাশ করেছে। ফেডারেল ওষুধ প্রশাসনের (Federal Drug

Administration, FDA) একটি দ্বিতীয় বুস্টার ডোজের জন্য জরুরি ব্যবহার অনুমোদন অনুমোদিত হওয়া এবং সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) কর্তৃক 50 বছর ও তার বেশি বয়সীদের প্রথম বুস্টার গ্রহণের কমপক্ষে চার মাস পরে mRNA টিকার একটি দ্বিতীয় বুস্টার গ্রহণের অনুমতি দিয়ে হালনাগাদ সুপারিশ প্রকাশ করার পরে এই নির্দেশনা প্রদান করা হচ্ছে। সেইসাথে, 18 - 49 বছর বয়সী প্রাপ্তবয়স্কদের মধ্যে যারা তাদের প্রধান টিকা হিসেবে জনসন এন্ড জনসন টিকা ও প্রাথমিক বুস্টার ডোজ গ্রহণ করেছেন, তারা এখন তাদের প্রথম বুস্টার ডোজ নেয়ার চার মাস পরে দ্বিতীয় বুস্টার ডোজ গ্রহণ করতে পারবেন। এছাড়াও যাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা মাঝারি থেকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন 12 বছর ও তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীরাও দ্বিতীয় বুস্টার ডোজ গ্রহণের উপযুক্ত হবেন।

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন**, "স্টেটের গণ টিকাদান কেন্দ্র সহ স্টেটব্যাপী সেবা প্রদানকারীরা উপযুক্ত নিউ ইয়র্কবাসীদের দ্বিতীয় বুস্টার ডোজ প্রদানের জন্য প্রস্তুত রয়েছেন। আমাদের সবার জন্য টিকা গ্রহণ করা কোভিডের বিরুদ্ধে ব্যক্তিগতভাবে সবচেয়ে সেরা প্রতিরক্ষা হিসেবে রয়ে গেছে। যেমন সম্প্রতি ওমিক্রনের সাব-ভ্যারিয়েন্ট BA.2 এর সংক্রমণ বৃদ্ধির মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি, কোভিড এখনো আমাদের সাথে রয়ে গেছে। দ্বিতীয় বুস্টার ডোজ সহ এসব নিরাপদ ও কার্যকর টিকা বিনামূল্যে পাওয়া যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ CDC-এর সুপারিশের সঙ্গে একমত যে সকল উপযুক্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি, কিশোর-কিশোরী, ও পাঁচ বছর ও তার বেশি বয়সী শিশুদের পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়া এবং উপযুক্ত হলে কোভিড-19 এর প্রাথমিক বুস্টার ডোজ গ্রহণ করা প্রয়োজন। উপযুক্ত নিউ ইয়র্কবাসীদের জন্য, প্রথম বুস্টার ডোজ নিরাপদ রয়েছে এবং গুরুতর অসুস্থতার বিরুদ্ধে শক্তিশালী সুরক্ষা প্রদান করছে। সম্প্রতি ওমিক্রনের সংক্রমণ বৃদ্ধি সংক্রান্ত CDC-এর  ডাটা থেকে দেখা যায়, যারাবুস্টার ডোজ নিয়েছেন তাদের টিকা গ্রহণ না করা ব্যক্তিদের তুলনায় কোভিড-19-এর কারণে মৃত্যুর সম্ভাবনা 21 গুণ কম, এবং হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা 7 গুণ কম। CDC-এর সুপারিশ অনুযায়ী স্টেটের হালনাগাদ নির্দেশনায় নির্দিষ্ট কিছু জনগোষ্ঠীর জন্য গুরুতর রোগাক্রান্ত হওয়ার ঝুঁকি বৃদ্ধির কথা স্বীকার করা হয়েছে, এবং যারা তাদের সুরক্ষা আরো বৃদ্ধি করতে ইচ্ছুক তাদের জন্য দ্বিতীয় একটি mRNA বুস্টার গ্রহণের ব্যবস্থা রাখা হয়েছে।

স্টেটের বুস্টার ও বাড়তি ডোজ বিষয়ক ওয়েবসাইটে নিউ ইয়র্কবাসীদের জন্য প্রথম ও দ্বিতীয় বুস্টার ডোজ, বাড়তি ডোজ, উপযুক্ততা, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি, ও মাঠ পর্যায়ে থাকা সেবা প্রদানকারীদের জন্য সংস্থানসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। স্টেট বুস্টার গ্রহণের উপযুক্ত নিউ ইয়র্কবাসীদের কাছে SMS-ভিত্তিক মেসেজ, প্রথাগত ও ডিজিটাল বিপণন প্রচেষ্টাসমূহ, এবং স্টেটের এক্সেলসিয়র পাস (Excelsior Pass) প্লাটফর্মের মাধ্যমে পুশ নোটিফিকেশন পাঠানোর মাধ্যমে প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখবে।

নিউ ইয়র্ক স্টেটের সকল গণ টিকাদান কেন্দ্র উপযুক্ত নিউ ইয়র্কবাসীদেরকে দ্বিতীয় বুস্টার ডোজ প্রদান করছে। স্টেটের পরিচালনাধীন কোনো গণ টিকাদান কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট নিতে, নিউ ইয়র্কবাসীরা আমি কি যোগ্য (Am I Eligible) পেইজে ভিজিট করতে পারেন বা 1-833-

NYS-4-VAX নম্বরে ফোন করতে পারেন৷ এছাড়াও যেখানে টিকা লভ্য রয়েছে সেখানে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণের জন্য লোকজন তাদের ফার্মেসি, স্থানীয় কাউন্টি স্বাস্থ্য বিভাগ, অথবা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথেও যোগাযোগ করতে পারে। এছাড়াও কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে নিউ ইয়র্কবাসীরা [vaccines.gov](vaccines.gov) ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিজেদের অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার সময় নিউ ইয়র্কবাসীদের উচিত হবে পরিষেবা প্রদানকারী দ্বিতীয় বুস্টার ডোজ প্রদান করছে তা নিশ্চিত করে নেয়া।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন